BHRC Affiliated by: United Nations OHCHR GOB USA ICJ OMCT ACHPR

Peace BHRC Justice-Equity

# BHRC'র শাখাগুলো বর্তমানে ১৫টি বিষয়ে মানবাধিকার কার্যক্রম পরিচালনা করছে

জাতিসংঘ মানবাধিকার কমিশনের ১৬ নভেম্বর ২০০০ইং সালের ১৯৯৬/৩১ নং অধিবেশনে বাংলাদেশ মানবাধিকার কমিশন-BHRC আনুষ্ঠানিক অনুমোদন লাভ করে। জাতিসংঘ ছাড়াও বাংলাদেশ সরকার, যুক্তরাষ্ট্র সরকার সহ বিভিন্ন আন্তর্জাতিক ও জাতীয় ৮টি নিবন্ধন নিয়ে BHRC কর্মকান্ড পরিচালনা করছে। BHRC'র দেশ-বিদেশের ছোট-বড় সকল শাখা নিচে উল্লেখিত ১৫টি বিষয়ে মানবাধিকার কার্যক্রম পরিচালনা করছে। এছাড়া BHRC'র শাখাগুলো ১৪টি আন্তর্জাতিক দিবস যথাযথভাবে পালন করে আসছে। নিম্নে কার্যক্রমগুলো দেওয়া হলঃ

১। **শালিশী ও আইনগত কার্যক্রমঃ** BHRC প্রতিটি নির্যাতিত ও নিপীড়িত মানুষকে বিনামূল্যে শালিসী/আইনগত সহায়তা করে আসছে। (শালিসী, প্রশাসনের সহায়তা অথবা আদালতের মাধ্যমে)।

২। **মাসিক সমন্বয় সভাঃ** প্রতি মাসে কমপক্ষে একবার BHRC'র শাখা কমিটি মাসিক সমন্বয় সভার আয়োজন করবে।

৩। **আটক ব্যক্তিদের সহায়তাকরণঃ** বেআইনীভাবে আটক, নির্যাতন ও নিপীড়নের শিকার নারী-পুরুষকে BHRC আইনগত সহযোগিতা প্রদান করবে।

৪। **দুর্ঘটনায় আক্রান্তদের সহায়তাকরণঃ** BHRC দুর্ঘটনায় এবং দুর্বৃত্তদের আক্রমণে আক্রান্ত নারী-পুরুষ ও শিশুদের সকল প্রকার সহযোগিতা প্রদান করবে।

৫। **চিকিৎসা সেবাঃ** BHRC হাসপাতালে বিনা চিকিৎসায় পড়ে থাকা রোগীদের চিকিৎসার ব্যবস্থা নিশ্চিত করবে।

৬। **ভেজাল প্রতিরোধঃ** খাদ্যদ্রব্যে ভেজাল দেয়া বন্ধ করার ক্ষেত্রে BHRC প্রশাসনের সহায়তায় প্রতিরোধ গড়ে তোলবে।

৭। **সম্মেলনঃ** BHRC মানবাধিকার কর্মকান্ড গতিশীল ও কর্মীদের সচেতন করার লক্ষ্যে দেশ-বিদেশের সকল শাখার মাধ্যমে আলোচনা সভা, র‌্যালী, কর্মশালা এবং সম্মেলনের আয়োজন করবে।

৮। **নির্বাচন পর্যবেক্ষণঃ** BHRC তার প্রতিষ্ঠালগ্ন ১৯৮৭ইং সাল থেকে দেশে সকল স্থানীয় ও জাতীয় সকল নির্বাচন পর্যবেক্ষণ করে আসছে। এছাড়া বহির্বিশ্বে বিভিন্ন নির্বাবচন পর্যবেক্ষণ করেছে। BHRC'র নির্বাচন পর্যবেক্ষণ কার্যক্রম অব্যাহত থাকবে।

৯। **মানবাধিকার লঙ্ঘনের প্রতিবাদঃ** BHRC দেশে-বিদেশে যে কোন মানবাধিকার লঙ্ঘনজনিত ঘটনার বিরুদ্ধে প্রতিবাদ কর্মসূচী পালন করবে। যেমনঃ শান্তিপূর্ণ মানববন্ধন, প্রতিবাদ সভা এবং স্মারকলিপি প্রদানের মাধ্যমে।

১০। **সাদা মনের মানুষঃ** সমাজের সাদা মনের মানুষকে বাংলাদেশ মানবাধিকার কমিশন-BHRC'র সদস্য করে BHRC'র কার্যক্রমকে গতিশীল ও শক্তিশালীকরণ।

১১। **বিশ্ব মানবাধিকার দিবসঃ** BHRC প্রতিবছর যথাযথ মর্যাদায় বিশ্ব মানবাধিকার দিবস, BHRC'র প্রতিষ্ঠা বার্ষিকী পালনসহ নির্ধারিত ১৪টি জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন করবে।

১২। **প্রকাশনাঃ** BHRC প্রকাশনা, পোস্টার, ব্যানার, স্মরণিকা এবং লিফলেট প্রকাশের মাধ্যমে জনগণকে মানবাধিকার বিষয়ে সচেতন করবে।

১৩। **রক্তদান কর্মসূচীঃ** BHRC রক্তদান কর্মসূচী এবং দুঃস্থদের চিকিৎসা সহায়তা করবে।

১৪। **দুর্যোগে BHRC ঃ** দেশের যে কোন দুর্যোগ যথাক্রমেঃ মহামারী, ঘুর্ণিঝড়, বন্যা, জলোচ্ছ্বাস, অগ্নিকান্ড এবং শরণার্থী সমস্যার ক্ষেত্রে BHRC সকল প্রকার সহায়তা করবে।

১৫। **ধর্মীয় অনুষ্ঠানে সহায়তাঃ** BHRC বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান যথাক্রমেঃ পবিত্র ঈদ, পূজা, বড়দিনসহ ধর্মীয় প্রধান অনুষ্ঠানগুলোতে দুঃস্থ মানুষদের সহায়তা করবে।

উপরোল্লিখিত মানবাধিকার কার্যক্রমগুলো বাস্তবায়নের প্রেক্ষিতে একদিকে মানবতাবাদী মানবাধিকার কর্মীগণ সমাজে মহান ব্যক্তি হিসেবে প্রতিষ্ঠিত হবেন, অপরদিকে বাংলাদেশ মানবাধিকার কমিশন-BHRC দেশ-বিদেশে আরও শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত হবে।

BHRC
**Bangladesh Human Rights Commission-BHRC**
Headquarters, Dhaka.
website: www.bhrc-bd.org

# BHRC বছরে ১৪টি জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন করবে

বাংলাদেশ মানবাধিকার কমিশন-BHRC সদর দপ্তর প্রতিবছর উল্লেখিত আন্তর্জাতিক দিবসগুলো সারাদেশের সকল শাখা এবং দেশের বাহিরের শাখাগুলোর মাধ্যমে একযোগে পালনের সিদ্ধান্ত নিয়েছে। দিবসগুলোতে যে সকল কর্মসূচী পালন করা হবে তার মধ্যেঃ আলোচনা সভা, র‌্যালী, মানববন্ধন, সেমিনার, সিম্পোজিয়াম, রক্তদান এবং সাংস্কৃতিক অনুষ্ঠান উল্লেখযোগ্য। এ বিষয়ে যে কোন তথ্য জানার জন্য BHRC সদর দপ্তর মোবাইল ০১৭১৪০৯৮৩৫৫ এ যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ১ | January 10 | BHRC Anniversary (বাংলাদেশ মানবাধিকার কমিশনের প্রতিষ্ঠা বার্ষিকী) |
| ২ | February 21 | International Mother Language Day (আন্তর্জাতিক মাতৃভাষা দিবস) |
| ৩ | March 8 | International Women's Day (বিশ্ব নারী দিবস) |
| ৪ | March 26 | Independence Day (স্বাধীনতা দিবস) |
| ৫ | April 22 | International Mother Earth Day (আন্তর্জাতিক জন্মভূমি দিবস) |
| ৬ | May 1 | May Day, International Workers' Day (মে দিবস) |
| ৭ | June 26 | United Nations International Day in Support of Victims of Torture (জাতিসংঘ ঘোষিত নির্যাতিতদের সমর্থনে আন্তর্জাতিক দিবস) |
| ৮ | July 17 | World Day for International Justice (আন্তর্জাতিক ন্যায়বিচার দিবস) |
| ৯ | August 15 | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৃত্যুবার্ষিকী/শোক দিবস |
| ১০ | September 21 | International Day of Peace (বিশ্ব শান্তি দিবস) |
| ১১ | October 24 | United Nations Day (জাতিসংঘ দিবস) |
| ১২ | November 20 | Universal Children's Day (সার্বজনীন শিশু দিবস) |
| ১৩ | December 10 | UN Human Rights Day (জাতিসংঘ মানবাধিকার দিবস) |
| ১৪ | December 16 | Victory Day (বিজয় দিবস) |